দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 19 MAR 2008 ...
পৃষ্ঠা ১৮ কলাম ৪

# সাহেদা ওবায়েদসহ ঢাকা শিক্ষা বোর্ডের ১৩ কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে দুদকের মামলা

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

ক্ষমতার অপব্যবহার, অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে রাষ্ট্রের ২৪ ল্যাখ টাকা আত্মসাতের অভিযো
ঢাকা শিক্ষা বোর্ডের সাবেক চেয়ারম্যান সাহেদা ওবায়েদসহ ১৩ কর্মকর্তা ও কর্মচারীর বিরু
মামলা দায়ের করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। মঙ্গলবার রাতে দুদকের সহকারী পরিচাল
আবু বক্কর ছিদ্দিকী লালবাগ থানায় মামলা দায়ের করেন। মামলার অপর আসামিরা হচ্ছেন: ঢা
শিক্ষা বোর্ডের সাবেক সচিব হারুন-অর রশীদ, সাবেক উপ-সচিব শাহ মো. ফরহাদ, সাবেক উ
পরীক্ষা নিয়ন্ত্রক মো. নাজমুল হুদা, সাবেক উপ-পরীক্ষা নিয়ন্ত্রক সুলতানা বেগম, সা...
পরীক্ষা নিয়ন্ত্রক আব্দুর রশীদ, সাবেক সেকশন অফিসার মো. মোয়াজ্জেম হোসেন খান, সা
সেকশন অফিসার আব্দুল গফুর, সাবেক হিসাবরক্ষক (১৫শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## সাহেদা ওবায়েদসহ

(১৬শ পৃঃ পর)

মাহবুব আলম মৃধা, সাবেক উচ্চমান সহকারী আবুল হোসেন মোল্লা, সিবিএ নেতা মোর্শেদ মোহাম্মদ জিলুল কাদের, গোলাম রসুল মোল্লা এবং গোলাম মোস্তফা।

মামলার অভিযোগে বলা হয়, শিক্ষা বোর্ডের
নদপত্র তৈরি খাতের আড়াই কোটি টাকা থেকে ২৪
খ টাকা আত্মসাতের প্রমাণ পাওয়া গেছে। এই
কা সিবিএ নেতা-কর্মীদের উন্নয়নের নামে দেয়া হয়,
সম্পূর্ণভাবে অবৈধ। ২৪ লাখ ৩৭ হাজার টাকা
ন সিবিএ নেতা মোর্শেদ মোহাম্মদ বজলুল কাদের,
লাম রসুল মোল্লা ও গোলাম মোস্তফার যৌথ
াউন্টে জমা হয়। এই টাকা স্থানান্তরের জন্য
ষ্টযুক্ত শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্মকর্তাদের
ারিশ ছিল। সেই সুপারিশের ভিত্তিতে ঢাকা শিক্ষা
র্ডের সাবেক চেয়ারম্যান সাহেদা ওবায়েদ চেকে
র করেন। দুদক সূত্র জানায়, গত সোমবার
হেদা ওবায়েদকে দুদকে তলব করে। ওইদিন তার
্য গ্রহণ করা হয়েছে।